গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
নগরজালফৈ, টাঙ্গাইল।
www.youth.tangail.gov.bd

নম্বর: ৩৪.০১.৯৩০০.০০০.৩৮.০২২(অংশ-৫).২৪- ৪৬২

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩২ / ০২ সেপ্টেম্বর ২০২৫

## "ভর্তি বিজ্ঞপ্তি"

যুব উন্নয়ন অধিদপ্তর, টাঙ্গাইল জেলা কার্যালয়াধীন বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ শুরু হতে যাচ্ছে। ১৮-৩৫ বছর বয়সের বেকার যুবক/যুব নারীদের মধ্যে স্বকর্মসংস্থানে নিয়োজিত হতে আগ্রহী প্রার্থীদেরকে নিম্নস্বাক্ষরকারী বরাবর নিম্নেবর্ণিত সময়সূচী মোতাবেক নির্ধারিত আবেদন ফরমে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। ক্রমিক নম্বর ০১ হতে ০৬ এর আবেদন ফরম ২য় তলা রুম নম্বর ২১০ নম্বর রুম হতে সংগ্রহ করা যাবে।

| ক্রমিক নম্বর | প্রশিক্ষণ কোর্সের নাম | কোর্সের মেয়াদ | আসন সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ | সাক্ষাৎকারের তারিখ ও সময় | ভর্তির তারিখ | কোর্স ফি এক কালীন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | পোশাক তৈরী প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক) রাজস্বখাতভূক্ত | ০৩মাস (০১ অক্টোবর২০২৫ হতে ৩১ ডিসেম্বর,২০২৫) | ২৫ জন | ন্যূনতম ৮ম শ্রেণি পাস | ২৮-০৯-২০২৫খ্রিঃ | ২৯-০৯-২০২৫খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা। | ৩০-০৯-২০২৫খ্রিঃ | ৫০/= (পঞ্চাশ) টাকা (অফেরৎ যোগ্য) |
| ০২ | গবাদিপশু,হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ (আবাসিক) | ০৩মাস (০১ অক্টোবর২০২৫ হতে ৩১ ডিসেম্বর,২০২৫) | ৫০ জন | ন্যূনতম ৮ম শ্রেণি পাস | ২৯-০৯-২০২৫খ্রিঃ | ৩০-০৯-২০২৫খ্রিঃ স্ব-স্ব উপজেলা কার্যালয় | ০১-১০-২০২৫খ্রিঃ | ১০০/= (এক শত) টাকা (অফেরৎ যোগ্য) জামানত: ১০০/= (এক শত) টাকা। |

### দরখাস্ত ও ভর্তির নিয়মাবলীঃ

১. বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

২. যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

৩. স্বহস্তে পূরণকৃত আবেদর ফর্ম (০১) নাম(বাংলা ও ইংরেজি) (০২) পিতার নাম(বাংলা ও ইংরেজি) (০৩) মাতার নাম(বাংলা ও ইংরেজি) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র(NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র (০৭) বর্তমান ঠিকানা (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর(যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ ট্রেডের নাম(যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

৪. নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব জেলার উপ পরিচালক/ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

৫. আবেদনপত্রের সাথে (০১) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি (০২) জাতীয় পরিচয়পত্র(NID)(যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।

৬. দলিত(সুইপার,ঋষি, ডোম) যুবদের জন্য ১% কোঠা এবং বিশেষ চাহিদাসম্পন্ন/ অটিস্টিক ও হিজড়া জনগোস্টির জন্য ১% কোঠা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে ।

৭. সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

৮. ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

৯. ভর্তির সময় নির্বাচিত প্রশিণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no/ ই-মেইল আইডি দিতে হবে।

১০. উপপরিচালক বরাবর আবেদন পূর্বক আবেদনপত্র সংশ্লিষ্ট ট্রেডে অফিস চলাকালিন সময়ে জমা দিতে হবে।

### প্রশিক্ষণের শর্তাবলীঃ

১ ০১ ক্রমিকে বর্ণিত কোর্সের প্রশিক্ষণার্থীগণকে জনপ্রতি ১০০/=(এক শত) টাকা প্রতি কর্মদিবস উপস্থিতির ভিত্তিতে প্রদান করা হবে।

২ ০২ নম্বর ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/=(এক শত) টাকা(অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/=(এক শত)

৩ টাকা(ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে, সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে।

৪ ০২ নম্বর ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় হোস্টেলে অবস্থানকারীদের কেন্দ্রের নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। হোস্টেলে অবস্থান না করলে ভাতার টাকা প্রদান করা হবে না।

৫ প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

৬ প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

৭ প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
৮ প্রশিক্ষণকালীন সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।
৯ একই ব্যক্তি একাধিক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে না।

ফাতেমা বেগম
উপপরিচালক
ফোন:-০২-৯৯৭৭৫৩২৩৭
ই-মেইল: ddtangail@dyd.gov.bd

নম্বর: ৩৪.০১.৯৩০০.০০০.৩৮.০২২(অংশ-৫)০.২৪- ৮৬২

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩২
০২ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রশাসক, জেলা পরিষদ, টাঙ্গাইল।
০২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৩। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৫। জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা /উপপরিচালক সমাজসেবা অধিদপ্তর/উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর..............................(সকল)টাঙ্গাইল।
০৬। প্রশাসক, উপজেলা পরিষদ,........................................................................................................(সকল), টাঙ্গাইল।
০৭। উপজেলা নির্বাহী অফিসার , ................................................................................................ (সকল), টাঙ্গাইল।
০৮। উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা /উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা / সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা সমাজসেবা অফিসার/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর.................................(সকল), টাঙ্গাইল।

বিতরণ :

০১। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাঙ্গাইল।
০২। প্রশিক্ষক যুব উন্নয়ন অধিদপ্তর.................................(সংশ্লিষ্ট ট্রেড), টাঙ্গাইল।
০২। সভাপতি /সম্পাদক ---------------------------------------------------------------------------------------------- টাঙ্গাইল।
০৩। নোটিশ বোর্ড।
০৪। অফিস নথি।

রথীন্দ্র নাথ চক্রবর্তী
সহকারী পরিচালক
ফোন:-০২-৯৯৭৭৫৩২৩৯